# ২০২০
# স্নাতক পরীক্ষা
# সাধারণ বাংলা
# দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০ সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। যে-কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও : ৮×২=১৬

ক) ‘হাথক দরপণ মাথক ফুল’ — ‘দরপণ’ শব্দটির ভাষাতাত্ত্বিক ব্যাখ্যা দাও।

খ) অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তার কোন্ পদটি তোমার পাঠ্য?

গ) গৌরচন্দ্রকে ‘হেম কল্পতরু’ বলার কারণ কী?

ঘ) ‘এ কী কারাগার ঘোর’ — চরণটির অর্থ লেখো।

ঙ) ‘ছেলেটা’ কবিতায় ছেলেটির বয়স কত? কোন্ ফল খেয়ে তার ভির্মি লাগে?

চ) ‘এসো যুগান্তরের কবি’ — কোন্ কবিতার অংশ? কোন্ মূল গ্রন্থে এটি সংকলিত?

ছ) ‘এখন তারাও যেন স্থির চিত্রটির মতো শিল্পীর ইজেলে’ — তারা কারা?

জ) ‘প্রিয়তমাসু’ কবিতায় কোন্ কোন্ দেশের কথা রয়েছে?

[ পরের পাতায় ]

ঝ) ‘কাস্তে’ কবিতায় ‘মাটির কাস্তেটা’ বলতে কবি কী বুঝিয়েছেন?

ঞ) লরেন্স ফস্টর কে ছিলেন?

ট) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে ক’টি খণ্ড আছে?

ঠ) চন্দ্রশেখর কোন্ কোন্ পুথি পড়িয়েছিলেন?

২। প্রতিটি গ্রন্থ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও : ৬×৬=৩৬

ক) পাঠ্যপদ অবলম্বনে গৌরচন্দ্রিকার স্বরূপ বুঝিয়ে দাও। ৬

খ) ‘এ সখি হামারি দুখের নাহি ওর’ — পদটিতে পদকর্তার কবি প্রতিভার পরিচয় দাও। মাথুর বলতে কী বোঝো? ৪+২

গ) ভাবসম্মিলন বলতে কী বোঝো? পাঠ্যপদ অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ২+৪

ঘ) ‘বাজিল ব্যাকুল বাণী নিখিলের প্রাণে’ — কবি কেন একথা বলেছেন? ‘বলাকা’ কবিতাটি কখন কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? ৪+১+১

ঙ) ‘কী জানি কী হল আজি, জাগিয়া উঠিল প্রাণ’ — এই চরণটিকে অবলম্বন করে কবি ভাবনার পরিচয় দাও। ৬

চ) ‘আফ্রিকা’ কবিতার মূল বক্তব্য সংক্ষেপে লেখো। কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত? ৫+১

ছ) ‘কোথায় চেঙ্গিস, গজনী মামুদ, কোথায় কালাপাহাড়?’ — কবি কেন এদের কথা উল্লেখ করেছেন? ৬

জ) ‘জন্মভূমিকেই’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত? এই কবিতার মূল বক্তব্যটি সংক্ষেপে লেখো। ১+৫

ঝ) 'চন্দ্রশেখর' উপন্যাসে স্বপ্নদর্শনের ভূমিকাটি সংক্ষেপে আলোচনা করো। ৬

ঞ) 'বাল্যকালের ভালোবাসায় কিছু অভিসম্পাত আছে'

— কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? লেখকের এরূপ মন্তব্যের কারণ কী? ২+৪

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশমতো উত্তর দাও : ৪×১২=৪৮

ক) অভিসারের সংজ্ঞা দাও। পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভার পরিচয় দাও। ২+১০

**অথবা**

পাঠ্যপদ অবলম্বনে বৈষ্ণব পদাবলির সাহিত্যমূল্য নিরূপণ করো। ১২

খ) 'ছেলেটা' কবিতাটি যে ছন্দে লেখা তার স্বরূপ কবিতাটি অবলম্বনে বিশ্লেষণ করো। মূল কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো। ১০+২

**অথবা**

'সোনার তরী' কবিতাটির রূপকার্থ বিশ্লেষণ করো। ১২

গ) 'বনলতা সেন' কবিতায় জীবনানন্দ দাশের প্রকৃতি ও রোমান্টিক চেতনার পরিচয় দাও। ১২

**অথবা**

'শাশ্বতী' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের? ১০+২

ঘ) 'চন্দ্রশেখর' উপন্যাসের গঠন-কৌশল সম্পর্কে আলোচনা করো। ১২

**অথবা**

'চন্দ্রশেখর' উপন্যাসের নায়ক কে, বিচার করো। ১২

---